



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং : সিশিবো/পনি/উমা/২৪/৪৮৬

তারিখ : ২১ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয় : পরীক্ষার্থীদের নিকট থেকে টেস্ট পরীক্ষার নামে অতিরিক্ত ফি আদায় প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর স্মারক নং- ৩৭.০০.০০০.০৭১.১০.০০৮.০৭-২২০


তারিখ : ০৩/০৪/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরীক্ষার্থীদের কাছ থেকে টেস্ট পরীক্ষার নামে অতিরিক্ত ফি আদায় এবং পরীক্ষার কারণ দেখিয়ে প্রবেশপত্র দেয়া থেকে বঞ্চিত করাসহ বিভিন্নভাবে আর্থিক সুবিধা নিচ্ছে মর্মে বিভিন্ন মাধ্যম থেকে অভিযোগ পাওয়া যাচ্ছে। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো।

“টেস্ট পরীক্ষার নামে কোন পরীক্ষার্থীর নিকট থেকে অতিরিক্ত ফি আদায় করা যাবে না এবং পরীক্ষার কারণ দেখিয়ে প্রবেশপত্র দেয়া থেকে বঞ্চিত করা যাবে না”। উপরোক্ত নির্দেশনার প্রতিপালন না করলে প্রতিষ্ঠান প্রধান এবং প্রতিষ্ঠানের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



(প্রফেসর অরুন চন্দ্র পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রাপক : অধ্যক্ষ

সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক শ্রেণীযুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

- ১। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ৩। সংরক্ষণ নথি।